PS 89Q

The Elmhurst School

"Alone We Are Great.

Together We Are Better"

প্যারেন্ট হ্যান্ডবুক

2019-2020

85-28 Britton Avenue

Elmhurst, NY 11373

(718) 898-2230

লোরা লা সালা (Laura La Sala), অধ্যক্ষ (Principal)

স্কুলের ওয়েবসাইট:www.ps89q.org

ফেসবুক:https://www.facebook.com/PS-89Q-The-Elmhurst-School-1431523000276954/

টুইটার: https://twitter.com/ps89q এবং ClassDojo

বিষয়সূচী

ভূমিকা বিভাগ

স্কুল প্রশাসকের পত্র পৃষ্ঠা 3
প্যারেন্ট কোঅর্ডিনেটরের পত্র পৃষ্ঠা 4

পরিচিতি বিভাগ

স্কুলের সহায়ক টিম পৃষ্ঠা 5

কার্যপ্রণালী বিভাগ

PS89Q -এর প্যারেন্ট টিচার অ্যাসোসিয়েশন পৃষ্ঠা 6
2019-2020 স্কুল বর্ষে আগমন/ছুটির সময় পৃষ্ঠা 7
স্কুল ক্যালেন্ডার পৃষ্ঠা 8
ফ্রেন্ডলি রিমাইন্ডারস পৃষ্ঠা 9
ফ্রেন্ডলি রিমাইন্ডারস পৃষ্ঠা 10

P. S. 89Q

"Where Believing is Achieving"

PS 89Q
The Elmhurst School

85-28 Britton Avenue
Elmhurst, NY 11373
718.898.2230 (ফোন)
718.672.3066 (ফ্যাক্স)
লোরা লা সালা (Laura La Sala),
অধ্যক্ষ (Principal)

সহকারী অধ্যক্ষগণ
আইলিন বেংক্স (Eileen Banks)
এমিলি ক্রাফ্ট (Emily Kraft)
জিনা লয়েড (Zina Lloyd)
ব্র্যান্ডন মেয়ার (Brandon Mayer)
পাবলো শেলিনো (Pablo Schelino)
টমি টাকার (Tammy Tucker)

সেপ্টেম্বর 2019

প্রিয় প্যারেন্টস/অভিভাবকগণ এবং শিক্ষার্থীবৃন্দ,

স্বাগতম! আমি এই কমিউনিটির একজন হিসাবে সম্মানিত বোধ করছি! আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি যে আমরা সকলে একটি ক্রমাগত শিক্ষা সম্বন্ধীয় যাত্রার অংশীদার এবং আমাদেরকে অবশ্যই অ্যাকাডেমিক ও জীবন থেকে শিক্ষা গ্রহণের জন্য নিজেদেরকে উন্মুক্ত রাখতে হবে, যা কিনা আমরা প্রত্যেকে প্রতিনিয়ত অর্জন করছি। এছাড়াও আমি একজন শিক্ষাবিদ হিসাবে প্রত্যেক ব্যক্তিকে তাদের নিজ নিজ দক্ষতার নিরিখে চূড়ান্ত অবস্থানে পৌঁছাতে সাহায্য করার জন্য আমার উদ্দেশ্যের প্রতি দৃঢ়তার সঙ্গে প্রতিশ্রুতিবদ্ধ।

আমরা প্রত্যেকের প্রতি সম্মান প্রদর্শনকে নিশ্চিত করতে এবং শিক্ষার্থীগণ যাতে প্রাসঙ্গিক, আকর্ষক শিক্ষণ অভিজ্ঞতার মধ্য দিয়ে জ্ঞানগর্ভ শিক্ষার গভীরে পৌঁছাতে পারে সেজন্য আমরা প্রতিশ্রুতিবদ্ধ। আমদের বিশিষ্ট শিক্ষক, প্যারাপ্রোফেশনালস, এবং অফিসের কর্মীবৃন্দ আমাদের শিক্ষার্থী, পরিবার এবং স্কুলের কাজে নিজের সেরাটি প্রদান করতে প্রতিদিন প্রস্তুত হয়ে আসেন।

আমরা জানি যে শিক্ষার্থীদেরকে একটি যত্নবান পরিবেশে চিত্তাকর্ষক উপায়ে উন্নতমানের শিক্ষা প্রদান করতে হলে একটি টিম হিসাবে কাজ করা প্রয়োজন, এবং আমাদের দ্বারা পরিষেবা প্রদানকারী শিশুদের প্যারেন্টগণ এতটাই সহায়ক আর জড়িত যে আমরা তাদের কাছে কৃতজ্ঞ। অংশীদার হিসাবে, অনুগ্রহ করে মনে রাখবেন যে আপনি আমাদের কমিউনিটির অপরিহার্য অঙ্গ।

শুভেচ্ছান্তে,
লৌরা লা সালা (Laura La Sala)
অধ্যক্ষ

P. S. 89Q

"Where Believing is Achieving"

PS 89Q
The Elmhurst School

85-28 Britton Avenue
Elmhurst, NY 11373
718.898.2230 (ফোন)
718.672.3066 (ফ্যাক্স)
লোরা লা সালা (Laura La Sala),
অধ্যক্ষ (Principal)

সহকারী অধ্যক্ষগণ
আইলিন বেংক্স (Eileen Banks)
এমিলি ক্রাফ্ট (Emily Kraft)
জিনা লয়েড (Zina Lloyd)
ব্র্যান্ডন মেয়ার (Brandon Mayer)
পাবলো শেলিনো (Pablo Schelino)
টমি টাকার (Tammy Tucker)

সেপ্টেম্বর 2019

প্রিয় প্যারেন্টস ও অভিভাবকগণ

PS 89Q - The Elmhurst School -এ স্বাগতম। এই হ্যান্ডবুকটি আমাদের স্কুলের বুনিয়াদি আইনকানুন সম্বন্ধে আপনাকে অবগত করতে প্রস্তুত করা হয়েছে। অনুগ্রহ করে এই হ্যান্ডবুকটি আপনার সন্তানের সাথে বসে পড়ুন। শিক্ষার্থীদেরকে অ্যাকাডেমিক ও সামাজিকভাবে জ্ঞান অর্জন করতে হলে স্কুলে একটি কাঠামোর প্রয়োজন। স্কুলের পরিষেবা ও নীতিগুলির সম্বন্ধে আপনার কোনো প্রশ্ন থাকলে অনুগ্রহ করে মুক্ত মনে স্কুলে কল করে কোনো স্টাফ মেম্বারের সঙ্গে কথা বলুন।

শুভেচ্ছান্তে,

মায়েরা সোটো (Mayra Soto)
প্যারেন্ট কোঅর্ডিনেটর

2019-2020 স্কুল সাপোর্ট টিম

প্রশাসনিক স্টাফ	অধ্যক্ষ	লৌরা লা সালা (Laura La Sala) LLaSala2@schools.nyc.gov
	সহকারী অধ্যক্ষগণ	আইলিন বেংক্স (Eileen Banks) EBanks@schools.nyc.gov কিন্ডারগার্টেন এবং বিশেষ শিক্ষা
		এমিলি ক্রাফ্ট (Emily Kraft) EKraft@schools.nyc.gov 5 তমগ্রেড , ম্যাথ এবং AIS
		আলফোনজিনা আলাইমো-লয়েড (Alfonzina Alaimo-Lloyd) AAlaimo@schools.nyc.gov দ্বিতীয় গ্রেড এবং বিজ্ঞান
		ব্র্যান্ডন মেয়ার (Brandon Mayer) BMayer2@schools.nyc.gov 4 তমগ্রেড গ্রেড, Phys. Ed., ENL, সামাজিক শিক্ষা এবং সুরক্ষা
		পাবলো শেলিনো (Pablo Schelino) PSchelino2@schools.nyc.gov তৃতীয় গ্রেড, দ্বৈত ভাষা এবং প্রযুক্তি
		টমি টাকার (Tammy Tucker) TTucker4@schools.nyc.gov প্রথম গ্রেড এবং আর্টস
প্যারেন্ট সাপোর্ট	প্যারেন্ট কোঅর্ডিনেটর	মায়েরা সোটো (Mayra Soto) MSoto22@schools.nyc.gov
গাইডেন্স	কাউন্সেলর K – 1 - 2	সুসান ল্যাং (Susan Lang) SLang32@schools.nyc.gov
	কাউন্সেলর 3 – 4 - 5	ক্রিস্টালি ভাস্কনেস (Cristaly Vascones) CVascones@schools.nyc.gov
সাপোর্ট স্টাফ	অধ্যক্ষের সেক্রেটারি	রোসমারি ডেমোনতে (Rosemarie Demonte) RDemonte@schools.nyc.gov
	পিউপিল অ্যাকাউন্টিং সেক্রেটারি	জেনেট লুবার্তো (Janet Luberto) JLuberto@schools.nyc.gov
	পেরোল সেক্রেটারি	মেরিয়ন ওয়েনজেল (Maryann Wenzel) MWenzel@schools.nyc.gov
স্কুল-বেসড সাপোর্ট টিম (SBST)	সমাজ সেবী	শেরন মেডিনা (Sharon Medina)
	সাইকোলজিস্ট	জুলিমা চাভেজ (Zulima Chavez)
	IEP টিচার	আন্দ্রেয়া ডোরেমুস (Andrea Doremus)
	পারিবারিক কর্মী	এঞ্জেলিকা গঞ্জালেজ (Angelica Gonzalez)

প্যারেন্ট টিচার এসোসিয়েশন অভ P.S. 89Q

2019 – 2020 কার্যনির্বাহী বোর্ড

85-28 Britton Avenue

Elmhurst, NY 11373

PTA ইমেল: PTA@PS89Q.org

প্রেসিডেন্টের নাম: ইমেল:	আইরিন গ্যালিন্ডো (Irene Galindo) PTAPresident@ps89q.org
Rec. সেক্রেটারির নাম: ইমেল:	অ্যারাস্লি এ বার্নাল (Aracely A. Bernal) PTASecretary@ps89q.org
কোষাধ্যক্ষের নাম: ইমেল:	তানিয়া কাম্বিকোস (Tania Cumbicos) PTATresurer@ps89q.org

প্যারেন্ট টিচার অ্যাসোসিয়েশন সম্বন্ধে জানতে,

নিম্নলিখিত লিংকটিতে যান:

https://nycdoe.sharepoint.com/sites/facesupports/shared%20documents/forms/allitems.aspx?slrid=3d657b9e-10df-6000-367f-c9589e254b8b&folderctid=0x0120009b53362db2633440a004ede1ed1205d1&id=%2fsites%2ffacesupports%2fshared%20documents%2fpa-pta%2fresources%20%28additional%29%2fbrochure

2019-2020 স্কুল বর্ষের আগমন/ছুটির সময়
প্রতিদিন আপনার সন্তানকে সঠিক সময়ে স্কুলে পাঠানো গুরুত্বপূর্ণ। মাত্রাতিরিক্ত বিলম্ব এবং অনুপস্থিতি আপনার সন্তানের স্কুলওয়ার্কে প্রভাব ফেলতে পারে এবং, এর ফলশ্রুতিতে, গুরুত্বপূর্ণ পরীক্ষাগুলি এবং তার পরবর্তী গ্রেড-এ উন্নিত হওয়াকেও প্রভাবিত করবে।

গ্রেড লেভেল	*আগমনের সময়/স্থান*	*ছুটির সময়/স্থান*	*শিশুদের অভিভাদনের জন্য নিযুক্ত টাইম স্টাফ**
চতুর্থ এবং পঞ্চম (লাল ও হলুদ ট্যাগ)	**7:30am -এ ব্রিটন এন্ট্রান্সে** 	**1:50pm -এ ব্রিটন এভিনিউতে** 	**7:20am -এ ব্রিটন এন্ট্রান্সে**
তৃতীয় (নীল ট্যাগ)	**7:40am -এ হাম্পটন ইয়ার্ডে** 	**2:00pm -এ ব্রিটন এভিনিউতে** 	**7:30am -এ হাম্পটন ইয়ার্ডে**
দ্বিতীয় (নীল ট্যাগ)	**7:40am -এ হাম্পটন ইয়ার্ডে** 	**2:00pm -এ গলেন স্ট্রীটে** 	**7:30am -এ হাম্পটন ইয়ার্ডে**
প্রথম (কমলা ট্যাগ)	**7:50am -এ হাম্পটন ইয়ার্ডে** 	**2:10pm -এ গলেন স্ট্রীটে** 	**7:30am -এ হাম্পটন ইয়ার্ডে**
কিন্ডারগার্টেন (কমলা ট্যাগ)	**7:50am -এ ব্রিটন এন্ট্রান্সে** 	**2:10pm -এ/ হাম্পটন ইয়ার্ডে** 	**7:30am -এ ব্রিটন এন্ট্রান্সে**

*তত্ত্বাবধান করার জন্য স্টাফ নিযুক্ত না হওয়া পর্যন্ত শিক্ষার্থীদের ছাড়া হবে না।

অ্যাটেন্ডেন্স পলিসি

শিক্ষার্থীদেরকে স্কুলের প্রতিদিনের সেশনের অন্তর্গত ক্লাসে উপস্থিত থাকতে হবে। কেবলমাত্র নিম্নলিখিত কারণে অনুপস্থিত হতে পারে: শিক্ষার্থীর শারিরীক অসুস্থতা, নিকট আত্মীয়র মৃত্যু, আদালতে উপস্থিত হতে এবং ধার্মিক অনুষ্ঠানে যোগ দেওয়ার জন্য। এছাড়া অন্য কোনো কারণে অনুপস্থিতি মাপ করা হবে না। পরিবারের সাথে ঘুরতে যাওয়ার পরিকল্পনা থাকলে তা স্কুল ছুটির দিনগুলিতে সেরে নিতে হবে।

dates to Remember

2019-2020 স্কুল ক্যালেন্ডার
(শিক্ষার্থীদের জন্য স্কুলের ছুটিরদিনগুলি)

সেপ্টেম্বর 5	সমস্ত শিক্ষার্থীদের জন্য স্কুলের প্রথম দিন
সেপ্টেম্বর 30 – অক্টোবর 1	রোশ হাশনাহ
অক্টোবর 9	ইওম কিপুর
অক্টোবর 14	কলম্বাস ডে অবসারভড
নভেম্বর 5	ইলেকশন ডে – শিক্ষার্থীদের জন্য ছুটির দিন
নভেম্বর 11	ভেটেরান্স ডে অবসারভড
নভেম্বর 28 - 29	থ্যাংক্সগিভিং রিসেস
ডিসেম্বর 24 -জানুয়ারি 1	উইন্টার রিসেস
জানুয়ারি 20	ডাঃ মার্টিন লুথার কিং, জুনিয়র ডে
ফেব্রুয়ারি 17-21	মিডউইন্টার রিসেস
এপ্রিল 9 - 17	স্প্রিং রিসেস
মে 25	মেমোরিয়াল ডে অবসারভড
জুন 4	অ্যানিভার্সারি/চ্যান্সেলরস কনফারেন্স ডে
জুন 9	জুন ক্লারিক্যাল ডে
জুন 26	সমস্ত শিক্ষার্থীদের জন্য তাড়াতাড়ি ছুটির শেষ দিন

ফ্যামিলি রিসোর্সেস

নিরাপত্তা

প্যারেন্ট ও ভিসিটারদের স্কুলে প্রবেশের নিয়ম: আমাদের শিক্ষার্থীদের নিরাপত্তা সুনিশ্চিত করতে, প্রত্যেক ভিসিটারকে P.S. 89Q -এ প্রবেশ ও প্রস্থান করার জন্য আবশ্যিকভাবে কেবলমাত্র ব্রিটন এভিনিউর মূল প্রবেশদ্বারকেই বেছে নিতে হবে, এবং নিরাপত্তা কর্মীর সামনে স্বাক্ষর করতে হবে। যেকোনো প্যারেন্ট ও ভিসিটারকে স্কুলে প্রবেশের জন্য অনুমতি পেতে গেলে নিরাপত্তা অফিসারকে আবশ্যিকভাবে বৈধ ফটো আইডেন্টিফিকেশন (ID) দেখাতে হবে। **মুখ্য অফিসের কাজের নিয়মিত সময় হল 8:15 am – 1:30 pm**।

সরাসরি মুখ্য অফিসে রিপোর্ট করুন: অনুমোদন ছাড়া প্যারেন্ট ও ভিসিটারদের স্কুল বিল্ডিংয়ের মুখ্য অফিস ছাড়া অন্য কোথাও যাওয়ার অনুমতি নেই। আপনি কোনো শিক্ষকের সঙ্গে দেখা করতে চাইলে সাক্ষাৎকারের জন্য অনুমতি চাইতে একটি নোট লিখে আপনার সন্তানের হাত দিয়ে পাঠান। মুখ্য অফিসে পৌঁছানোর পরে অনুগ্রহ করে সেই শিক্ষকের নোটটি দেখান। যদি আপনি স্কুলের অন্য কোনো ব্যক্তির তরফ থেকে সাক্ষাৎকারের অনুরোধ সহ নোট পান তাহলে অনুগ্রহ করে সেই নোট বা পত্রটি সঙ্গে আনুন।

পিকআপের ক্ষেত্রে নিরাপত্তা: নীল কার্ডের সমস্ত তথ্য আপ-টু-ডেট থাকা আবশ্যক; এর মধ্যে আপনার অবর্তমানে কার কাছে আপনার সন্তানকে নিয়ে যাওয়ার অনুমতি রয়েছে তারও উল্লেখ থাকবে। কোনো শিক্ষার্থীকে নিয়ে যাওয়ার পূর্বে যথাযথ ID দেখাতেই হবে।

নিরাপত্তা এবং সুরক্ষা: PS 89Q -এ কোনো তাড়াতাড়ি আগমন প্রোগ্রাম (আর্লি অ্যারাইভাল প্রোগ্রাম) নেই। যাতে আপনি আপনার সন্তানের ছুটির সময়টিকে সঠিকভাবে অনুসরণ করতে পারেন সেজন্য অনুগ্রহ করে যথাযথ ব্যবস্থা নিন।

ওয়াকার্স: যদি আপনি চান যে আপনার সন্তান পায়ে হেঁটে ঘরে পৌঁছাক তাহলে আপনাকে ক্লাসরুম শিক্ষকের কাছে আবশ্যিকভাবে একটি নোট পাঠাতে হবে।

পিকআপে পরিবর্তন: যদি ছুটির সময়কার ব্যবস্থাপনায় কোনো পরিবর্তন হয় তাহলে প্রতিবারই আপনাকে আপনার সন্তানের শিক্ষকের কাছে একটি নোট পাঠাতে হবে। যদি আপনার সন্তানের কাছে কোনো নোট না থাকে তাহলে আমরা তাকে তার নিয়মিত পথেই পাঠাব। জরুরী অবস্থায় আপনার সন্তানের জন্য নির্ধারিত প্ল্যানে পরিবর্তন আনতে ফোন করে চেষ্টা করুন। এটি ক্লাসরুম শিক্ষকের জন্য খুবই অসুবিধাজনক এবং প্রায়শই এটি সন্তানের মনে চাপ সৃষ্টি করে।

বিলম্বে পিকআপ: যদি শিশুদেরকে তাদের নির্ধারিত ছুটির সময়ে পিকআপ না করা হয় তাহলে তাদেরকে বিল্ডিংয়ের অভ্যন্তরে অবস্থিত হোল্ডিং রুমে নিয়ে যাওয়া হয়। প্যারেন্টদেরকে বিল্ডিংয়ে প্রবেশ করতে এবং তাদের সন্তানকে পিকআপ করার জন্য 2:15pm পর্যন্ত অপেক্ষা করতে হবে। সমস্ত প্রাপ্তবয়স্ক ব্যক্তি যারা শিশুকে লেইট-রুম থেকে পিকআপ করতে আসবেন তাদের কাছে অবশ্যই ID থাকতে হবে এবং সাম্প্রতিক নীল কার্ডে তাদের নাম থাকতে হবে।

তাড়াতাড়ি পিকআপ: স্কুল খোলা থাকার দিনগুলিতে অনুগ্রহ করে সাক্ষাৎকার এড়িয়ে চলুন, কারণ এর ফলে শিক্ষণ প্রক্রিয়া ব্যাহত হয়। শিক্ষার্থীদেরকে তাদের লাঞ্চ পিরিয়ড চলাকালীন পিকআপ করা যাবে না। কোনো শিশুকে 1:30pm -এর পূর্বে পিকআপ করা যাবে না।

পোষা প্রাণী: কুকুরকে কখনই স্কুলের অভ্যন্তরে নিয়ে আসার অনুমতি দেওয়া হবে না।

আমরা সকলে আমাদের সন্তানদের নিরাপত্তার বিষয় নিয়ে চিন্তিত, এবং একে অন্যের জন্য নিরাপদ পরিবেশ সৃষ্টি করতে আপনাদের যথাসম্ভব সহযোগীতা ও প্রচেষ্টার বিশেষভাবে প্রশংসা করছি।

ইংরাজি নতুন ভাষা (ENL): সমস্ত গ্রেডের শিক্ষার্থীরা প্রতিবছর কমপক্ষে দক্ষতার একটি করে লেভেল বাড়াবে বলে আশা করা হচ্ছে: বিগিনার টু ইন্টারমিডিয়েট; ইন্টারমিডিয়েট টু অ্যাডভান্সড; অ্যাডভান্সড টু প্রোফিশিয়েন্ট। প্যারেন্টদেরকে তাদের সন্তানদের ইংরাজির জন্য সেকেন্ড ল্যাঙ্গুয়েজ প্লেইসমেন্ট লেটার আবশ্যিকভাবে স্বাক্ষর করে পাঠাতে হবে।

বিশেষ শিক্ষা: ইন্ডিভিজুয়াল এডুকেশন প্ল্যানস(IEPs) -এর আওতাভুক্ত সমস্ত গ্রেডের শিক্ষার্থীদের কাছে তাদের IEPs -তে লিপিবদ্ধ লক্ষ্য অনুযায়ী ফল করবে বলে আশা করা হচ্ছে। প্যারেন্টদের কাছে তাদের সন্তানদের ইন্ডিভিজুয়াল এডুকেশন প্ল্যান-এর একটি কপি থাকা উচিৎ।

ক্লাসওয়ার্ক ও হোমওয়ার্ক: শিক্ষার্থীদেরকে প্রতিদিন তাদের হোমওয়ার্ক ও ক্লাসওয়ার্কের অ্যাসাইনমেন্টগুলি সম্পূর্ণ করতে হবে। এছাড়াও, শিক্ষার্থীদেরকে প্রতিদিন বাড়িতে বলে পড়াশোনা করতে হবে। শিক্ষার্থীরা প্রতিদিন বাড়িতে যেসব বই পড়ছে সেইসব বইয়ের একটি রেকর্ড তাকে রিডিং রেকর্ড লগ-এ লিখে রাখতে হবে। প্রতি মাসে শিক্ষার্থীদেরকে লগ ইস্যু করা হয়, এবং প্যারেন্টদের দায়িত্ব হল প্রতিদিন রিডিং রেকর্ড লগ-এ স্বাক্ষর করা।

হোমওয়ার্কের জন্য সহায়তা সমস্ত ভাষায় উপলব্ধ রয়েছে; এর জন্য স্কুল খোলা রয়েছে এমন দিনগুলিতে ডায়াল-আ-টিচার-এ উপলব্ধ 1-212-777-3380 -এ, সোমবার – বৃহস্পতিবার 4:00-7:00pm -এর মধ্যে কল করুন, অথবা ইন্টারনেটে এখানে যান- www.homeworknyc.org সোমবার – বৃহস্পতিবার 4:30-6:30pm এর মধ্যে।

ফ্রেন্ডলি রিমাইন্ডারস

নিরাপত্তা

স্নো ডেজ/ইমের্জেন্সি ক্লোসিংস: ঝোড়ো দুর্যোগপূর্ণ আবহাওয়ার জন্য স্কুল ছুটি দেওয়া হয়েছে কিনা অথবা দেরিতে খুলবে (2 ঘন্টা পরে) কিনা তা জানতে, স্কুল স্টাফ ও প্যারেন্টদেরকে ডিপার্টমেন্ট অভ এডুকেশনের ওয়েবসাইট (http://schools.nyc.gov) দেখতে, 311-এ কল করতে, অথবা নিম্নলিখিত রেডিও অথবা টেলিভিশনের যেকোনো স্টেশন শুনতে অনুরোধ করা হচ্ছে: **রেডিও:** WINS (1010 AM), WCBS (880 AM), WABC (770 AM), WLIB (1190 AM), WADO (1280 AM), WBLS (107.5 FM), WNYE (91.5 FM), **টেলিভিশন:** WCBS (চ্যানেল 2), WNBC (চ্যানেল 4), WNYW (ফক্স চ্যানেল 5), WABC (চ্যানেল 7), ইউনিভিশন চ্যানেল 41, এবং "NY 1" (টাইম ওয়ার্নার কেবল টেলিভিশন-এর চ্যানেল 1). **এছাড়াও আপনি আরও তথ্য জানতে আমাদের স্কুলের ওয়েবসাইটে যেতে পারেন:** www.PS89Q.org **ফেইসবুক:** https://www.facebook.com/PS-89Q-The-Elmhurst-School-1431523000276954/, TWITTER: https://twitter.com/ps89q and CLASS DOJO.

শৃঙ্খলা কোডসেপ্টেম্বরে সরবরাহ করা হয়েছে। অনুগ্রহ করে এটি আপনার সন্তানকে সাথে নিয়ে পড়ুন সেগুলির মেনে চলাকে নিশ্চিত করুন। মারামারি করার অনুমতি কখনই দেওয়া হয় না।. কোন শিক্ষার্থী মারামারি শুরু করেছে তার বিচার না করে, উভয় শিক্ষার্থীকেই নিলম্বিত করা হবে। **আরও তথ্যের জন্য, এখানে যান** https://www.schools.nyc.gov/school-life/rules-for-students/discipline-code.

সবার প্রতি সম্মান প্রদর্শন

আমরা আশা করি যে আমাদের স্কুলে সকল শিক্ষার্থীর জন্য নিরাপদ ও সহায়ক শিক্ষণ পরিবেশ বজায় থাকবে। আমাদের স্কুলে ধমকানো, তিরস্কার করা, মৌখিকভাবে অপমান করা, এবং শারিরিক নির্যাতনের জন্য, বিশেষ করে এইসব আচরণ যদি কুসংস্কার, অসহিষ্ণুতা, নানাবিধ বৈষম্যের কারণে উৎপন্ন হয় তাহলে সেগুলির কোনো জায়গা নেই। এই নীতি স্কুলের মাঠে, স্কুলের বাসে, এবং স্কুলের দ্বারা পরিচালিত সমস্ত কার্যকলাপ, প্রোগ্রাম, এবং অনুষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য।

শহর জুড়ে স্ট্যান্ডার্ড অভ ডিসিপ্লিন এন্ড ইন্টারভেনশন মেজারস শিক্ষার্থীদেরকে ধমকানো থেকে বিরত রাখে, এর মধ্যে যেকোনো কারণে সাইবার পরিষেবার মাধ্যমে ধমকানো (যেমন টেক্সট পাঠানো, ইমেল করা, ইনস্ট্যান্ট মেসেজিং) সহ জাতি, বর্ণ, জাতিগত বৈষম্য, আদি বাড়ি, ধর্ম, লিঙ্গ, যৌনতার প্রভেদ, বা অক্ষমতার নিয়ে অপমান, উপহাস করা বা ভীতি প্রদর্শন অন্তর্ভুক্ত।

যে সমস্ত শিক্ষার্থীরা মনে করে যে তারা অন্য কোনো শিক্ষার্থীর দ্বারা ধমকানো বা ভীতি প্রদর্শনমূলক আচরণের শিকার হয়েছেন, তারা যেন অবিলম্বে সেই ঘটনার রিপোর্ট করেন। অভিযোগ লিখিত অথবা মৌখিক উভয় প্রকারেই স্কুলের যেকোনো স্টাফ মেম্বারের কাছে জমা করা যেতে পারে। **এছাড়াও আপনি আরও তথ্যের জন্য DOE ওয়েবসাইট** https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/respect-for-all **-এ যেতে পারেন।**

লিডার হওয়ার জন্য 7টি অভ্যাস

অভ্যাস 1: সতর্ক হও (তুমি দায়িত্বপ্রাপ্ত)

অভ্যাস 2: শেষের কথা মাথায় রেখে শুরু কর (পূর্বপরিকল্পনা কর)

অভ্যাস 3: প্রথম কাজটি প্রথমে কর (কাজ শেষ করার পরে খেলাধুলা কর)

অভ্যাস 4: সাফল্যলাভের কথা ভাব (সকলে সফল হতে পারে)

অভ্যাস 5: প্রথমে শেখ, তারপরে শেখাও (প্রথমে ভাল করে শুনে নিয়ে তারপরে বল)

অভ্যাস 6: একে অপরকে সাহায্য কর(একত্রে আরো ভাল ফল পাওয়া যায়)

অভ্যাস 7: সর্বাঙ্গীনভাবে শক্তিশালী হও (মন, বুদ্ধি, শরীর, আধ্যাত্মিক ভারসাম্য)